ইস: বিশ্ব: 27

দৈনিক খবর

তারিখ 07 JAN 1993
পৃষ্ঠা ১ কলাম ৭

কর্তৃপক্ষ ও ছাত্রনেতাদের বৈঠক

# দেড়মাস বন্ধের পর ইসলামী ভার্সিটি ৯ই জানুয়ারী খুলছে

কুষ্টিয়া, ৬ই জানুয়ারী (শাজাহান আলম সাজু)।— দেড়মাস বন্ধ থাকার পর আগামী ৯ই জানুয়ারী ইসলামী বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত হয়েছে। আজ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে ছাত্র নেতৃবৃন্দের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

বিশ্ববিদ্যালয় খোলার পর যাতে কোন সহিংস ঘটনা না ঘটে এ উদ্দেশ্যে সভা থেকে একটি নীতিমালা অনুমোদন করা হয়।

কর্তৃপক্ষ ও ছাত্র নেতৃবৃন্দের এই যৌথ সভায় সভাপতিত্ব করেন সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আশরাফ আলী। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন

২ এর পাতায় দেখুন

## দেড়মাস বন্ধের পর

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা নজরুল ইসলাম, প্রক্টর মোশারফ হোসেন, ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ডঃ মোশারফ হোসেন, ইংরেজী বিভাগের চেয়ারম্যান মাহবুবুল হক জোয়ারদার, সাদ্দাম হোসেন হলের প্রভোষ্ট একরামুল হক, ছাত্রনেতাদের মধ্যে ছাত্রলীগ (মে-ই) বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাজাহান আলম সাজু, জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক আরিফ উল্লা আরিফ, ছাত্রমৈত্রীর আবদুর রশিদ বকুল, ছাত্র ইউনিয়ন নেতা কার্তিক বিশ্বাস, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের আবদুল কাদের টুটু, জাসদ ইনু সমর্থক ছাত্রলীগের স্বপন বিশ্বাস। এদিকে ছাত্র-শিক্ষক প্রতিনিধি দলের এই যৌথ সভায় ইসলামী ছাত্র শিবিরের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সর্বসম্মত একটি নিন্দা প্রস্তাব গ্রহণ করা হয়।

বিশ্ববিদ্যালয় খোলার পর ছাত্র সংগঠনসমূহের জন্য পালনীয় নীতিমালাসমূহের মধ্যে রয়েছে এক সপ্তাহ সকল প্রকার সভা-সমাবেশ না করা, ক্যাম্পাসে ও হলে পর্যাপ্ত পুলিশ মোতায়েন, ছাত্রদের তল্লাশী করে হলে প্রবেশানুমতি প্রদান, শুধুমাত্র আবাসিক ছাত্রদের হলে অবস্থান, যে কোন মুহূর্তে বিনা পূর্বানুমতিতে পুলিশের হল তল্লাশীর সুযোগপ্রদান।

উল্লেখ্য, গত ২৫শে নভেম্বর ছাত্র শিবির ও প্রতিপক্ষ সংগঠনগুলোর মধ্যে এক সশস্ত্র সংঘর্ষ এবং একজন ছাত্রের নিহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়।